**আমি যদি কোন অর্ডারের জন্য আবেদন করতে না চাই, তাহলে কি আমি আরও সাহায্য পেতে পারি?**

আপনি 020 7008 0151 নম্বরে, ফোর্সড ম্যারেজ ইউনিটের (FMU) সাথে তাদের গোপন টেলিফোন লাইনে যোগাযোগ করতে পারেন। ফোর্সড ম্যারেজ ইউনিট হচ্ছে ফরেন এ্যান্ড কমনওয়েল্থ অফিস ও হোম অফিসের একটা যৌথ টীম, যারা, যাদের জোর করে বিয়ে দেওয়ার ঝুঁকি রয়েছে এবং যাদের ইতিমধ্যেই জোর করে বিয়ে দেওয়া হয়েছে তাদের ব্যবহারিক সহায়তা ও তথ্য সরবরাহ করে। সব তথ্যই অত্যন্ত গোপন রাখা হবে।



**FL702 (Bengali)** - Forced Marriage Protection Orders - How can they protect me? (11.08)

© Crown copyright 2008

HER MAJESTY'S COURTS SERVICE
hmcs

Bengali

FL**702**

ফোর্সড ম্যারেজ প্রোটেক্শন অর্ডারগুলি - এগুলি আমাকে কিভাবে রক্ষা করতে পারে?

# ফোর্সড ম্যারেজ প্রোটেক্শন অর্ডারগুলি

(জোর করে বিয়ে দেওয়ার থেকে রক্ষা করার উদ্দেশ্যে দেওয়া নির্দেশগুলি) -

## এগুলি আমাকে কিভাবে রক্ষা করতে পারে?

আপনাকে যদি জোর করে বিয়ে দেওয়ার চেষ্টা হতে থাকে অথবা আপনাকে যদি জোর করে বিয়ে দেওয়া হয়ে থাকে, তাহলে ফোর্সড ম্যারেজ প্রোটেক্শন অর্ডার আপনাকে রক্ষা পেতে সাহায্য করতে পারে।

www.hmcourts-service.gov.uk

## ফোর্সড ম্যারেজ (জোর করে বিয়ে দেওয়া) কাকে বলে?

ফোর্সড ম্যারেজ হচ্ছে এমন একটা বিয়ে যেটা দুই পক্ষের স্বাধীন ও পূর্ণ অনুমতি ছাড়াই সঙ্ঘটিত হয়। শারীরিকভাবে জোর করা ছাড়াও মানসিক চাপ দেওয়া, ভয় দেখানো অথবা মানসিক অত্যাচারের শিকার হওয়াও এর মধ্যে পড়ে। জোর করে বিয়ে দেওয়া আর সম্বন্ধ করে বিয়ে দেওয়া এক জিনিষ নয়। সম্বন্ধে করে দেওয়া বিয়েতে, জীবনসঙ্গী নির্বাচন করায় পরিবারগুলি নেতৃত্ব দেয়, কিন্তু সেই সম্বন্ধটা মেনে নেওয়া বা ভেঙ্গে দেওয়ার ব্যাপারে সেই পাত্র-পাত্রীর স্বাধীনভাবে বেছে নেওয়ার অধিকার থাকে।

## ফোর্সড ম্যারেজ প্রোটেক্‌শন অর্ডার কিভাবে আমাকে সাহায্য করতে পারে?

ফোর্সড ম্যারেজ প্রোটেক্‌শন অর্ডার সাহায্য করতে পারে যদি:

- আপনাকে জোর করে বিয়ে দেওয়ার চেষ্টা চলতে থাকে; অথবা
- আপনাকে ইতিমধ্যেই জোর করে বিয়ে দেওয়া হয়ে থাকে।

ফোর্সড ম্যারেজ প্রোটেক্‌শন অর্ডার হচ্ছে একজন বিচারকের (জাজের) দেওয়া একটা আইনগত দলিল, যেটা আপনার ব্যক্তিগত পরিস্থিতি অনুযায়ী আপনাকে রক্ষা করার জন্য তৈরী করা হয়। এতে আইনগতভাবে বাধ্যতামূলক শর্তাবলী ও নির্দেশ থাকে যার ফলে যে বা যারা অন্য কাউকে জোর করে বিয়ে দেওয়ার চেষ্টা করছেন, তারা তাদের আচরণের পরিবর্তন করতে বাধ্য হবেন।

যাকে জোর করে বিয়ে দেওয়া হয়েছে অথবা দেওয়া হচ্ছে তাকে রক্ষা করাই হচ্ছে এই অর্ডারের উদ্দেশ্য। জরুরী দরকারে (ইমারজেন্সীতে) কাউকে রক্ষা করার জন্য তৎক্ষণাৎ এই অর্ডার জারী করা যায়। কেউ যদি আদালতের এই নির্দেশ অমান্য করেন, তাহলে তাকে গ্রেপ্তার করে আদালতের কাছে ফিরিয়ে আনা যেতে পারে। তারা আদালতের অবমাননা করেছেন বলে যদি সাব্যস্ত করা হয়, তাহলে তাদের দুই বছরের জন্য হাজতে পাঠানোর অধিকার আদালতের আছে।



## একটা অর্ডার কি আমার বিয়ে নাকচ করে দিতে পারে?

না - কোন সলিসিটার বা সিটিজেন্‌স এ্যাড্‌ভাইস ব্যুরোর কাছ থেকে আপনার পরামর্শ নেওয়ার দরকার হবে এবং জোর করে দেওয়া বিয়ে নাকচ করে দেওয়ার উদ্দেশ্যে আপনাকে আদালতের একটা আলাদা নির্দেশের জন্য আবেদন করতে হবে।

## কোনরকম আবেদন করার ব্যাপারে আমি চিন্তিত, সাহায্য করার উদ্দেশ্যে আদালত কি করতে পারে?

আদালতের কর্মচারীরা যেসব তথ্য পাবেন, তা তারা গোপন রাখবেন।

আপনার যদি আদালতে যাওয়া বা আদালতে সাক্ষী দেওয়ার ব্যাপারে উদ্বেগ থাকে, তাহলে আপনি তা আদালতকে জানাতে পারেন। যেসব সাক্ষীদের ক্ষতি হওয়ার সম্ভাবনা আছে বা ভয় দেখানো হয়েছে, তাদের রক্ষা করার ক্ষমতা আদালতের আছে। সাক্ষীকে যাতে কেউ দেখতে না পায় তার জন্য পর্দা ব্যবহার করা, সাক্ষ্য ভিডিওতে রেকর্ড করা এবং সাক্ষীরা যাতে আদালতের বাইরে থেকে সাক্ষী দিতে পারেন তার জন্য টিভির যোগাযোগ ব্যবহার করা এর মধ্যে পড়ে।

আপনি যদি ইংরেজী বলতে না পারেন, তাহলে আদালত আপনার জন্য একজন দোভাষীর (ইন্টারপ্রেটারের) বন্দোবস্ত করতে পারে।

## আমার কি কোন ফর্ম ভর্তি করার দরকার আছে?

হ্যাঁ। "ফোর্সড ম্যারেজ প্রোটেক্‌শন অর্ডার-এর আবেদন" করার জন্য FL401A ফর্মটি আপনি আপনার সবচেয়ে কাছের কাউন্টি কোর্টের কাছ থেকে পেতে পারেন অথবা নিচের ঠিকানায় আমাদের ওয়েবসাইট থেকে এটা আপনি ডাউনলোড করতে পারেন www.hmcourts-service.gov.uk

## আমি কি অন্য কারুর হয়ে আবেদন করতে পারি?

হ্যাঁ। তবে, প্রথমে আপনার আদালতের কাছ থেকে অনুমতি নেওয়ার দরকার হবে।



## আবেদন করার জন্য কি কোন ফী দিতে হয়?

আপনি যদি কিছু বিশেষ বেনিফিট না পান, তাহলে আপনার আদালতকে একটা ফী দিতে হবে। আপনি যদি দেখান যে আদালতকে কোন ফী দিতে হলে আপনার বেশীরকম কষ্ট হবে, তাহলে হয়ত শুধু ফী-এর একটা অংশ আপনাকে দিতে হতে পারে।

আরও তথ্যের জন্য, অথবা ফী-এর কিছুটা ছাড় পাওয়ার জন্য, আদালতের কর্মচারীদের কাছে **EX160A - কোর্ট ফীজ্ - ডু আই হ্যাভ্ টু পে দেম? (EX160A - Court Fees - Do I have to pay them?)** নামের সংযুক্ত পুস্তিকা ও ফর্মটি চাইবেন। এটা যে কোন কাউন্টি কোর্টের অফিস থেকে পাওয়া যায়, অথবা www.hmcourts-service.gov.uk ঠিকানায় আমাদের ওয়েবসাইট থেকে এই লিফলেটটা ডাউনলোড করা যাবে।

## লীগাল এইড পাওয়া যাবে কি?

ফোর্সড ম্যারেজ প্রোটেক্‌শন অর্ডার-এর জন্য আবেদন করার উদ্দেশ্যে আপনি লীগাল এইডের জন্য আবেদন করতে পারেন। কোন সলিসিটার অথবা কোন ল সেন্টার বা সিটিজেন্‌স এ্যাড্‌ভাইস ব্যুরোর কর্মচারীদের মধ্যে কেউ আপনাকে বলে দিতে পারবেন যে ব্যবস্থা নেওয়ার জন্য আপনার সঙ্গত কারণ আছে কিনা এবং আপনার আর্থিক সাহায্য পাওয়ার কোন সম্ভাবনা আছে কিনা। প্রতিটি আবেদন আলাদাভাবে বিবেচনা করে দেখা হয় এবং আইনগতভাবে আপনার সামর্থ্য ও আপনার ব্যাপারটি উপযুক্ত কিনা তা বিচার করে দেখা হবে। কোন সলিসিটার যদি আপনার পক্ষে কাজ করতে রাজী হন, তাহলে তিনি আপনার হয়ে এই অর্থসাহায্যের জন্য আবেদন করতে পারবেন।

আরও তথ্যের জন্য কমিউনিটি লীগাল এ্যাড্‌ভাইস-এর সাথে হয়, www.communitylegaladvice.org.uk ঠিকানায়, নয়ত 0845 345 4 345 নম্বরে টেলিফোন করে যোগাযোগ করবেন (সোমবার - শুক্রবার, সকাল 9টা - সন্ধ্যা 6.30)।

## ফোর্সড ম্যারেজ প্রোটেক্‌শন অর্ডার দেওয়া সম্বন্ধে আমার আরও তথ্য দরকার হলে আমি কোথায় যেতে পারি?

যে কোন কাউন্টি কোর্টের কাছ থেকে অথবা www.hmcourts-service.gov.uk ঠিকানায় আমাদের ওয়েবসাইটের থেকে আপনি আরও তথ্য পেতে পারেন।